বাংলাদেশ তাঁত বোর্ড
বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.bhb.gov.bd

স্মারক নং: ২৪.০৫.০০০০.৫১১.১১.০০৪.১৯-৭১৪ তারিখঃ ১২ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ / ২৭ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ তাঁত বোর্ডের রাজস্ব খাতভুক্ত ০১টি ফ্যাশন ডিজাইন ট্রেনিং ইনস্টিটিউট এবং ০৩টি ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ উপকেন্দ্রের জন্য নিম্নবর্ণিত অস্থায়ী শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা এবং নিম্নলিখিত শর্তে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে http://bhb.teletalk.com.bd অনলাইনে এ পূরণকৃত আবেদনপত্র (সনদপত্র বা অন্য কোন দলিলাদি সংযুক্ত করতে হবে না) আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | বেতন গ্রেড | পদসংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | অধ্যক্ষ [৫০,০০০-৭১,২০০/-] | গ্রেড-৪ | ০১টি | কোন প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে দায়িত্বশীল পদে কমপক্ষে ১২ বৎসরের অভিজ্ঞতাসহ টেক্সটাইল টেকনোলজিতে ডিগ্রী অথবা ১৫ বৎসরের অভিজ্ঞতাসহ টেক্সটাইল টেকনোলজিতে ডিপ্লোমা। |

২। **আবেদনের শর্তাবলীঃ** নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

ক) বাংলাদেশ তাঁত বোর্ডের গত ০১ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তারিখের ২৪.০৫.০০০০.৫১১.১১.০০৪.১৯.৫৭৪ নং স্মারকমূলে গত ০৩ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তারিখে 'দৈনিক ইত্তেফাক' এবং 'The Daily Star' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তিতে ৪র্থ গ্রেডভুক্ত 'অধ্যক্ষ' পদে আবেদনকারীদের আবেদন বহাল থাকবে। তাঁদের পুনরায় উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।

খ) আগামী ২৮.০৭.২০২২ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স অনুর্ধ্ব ৪০ বৎসর (অধিকতর অভিজ্ঞতা/উচ্চতর ডিগ্রীধারীর ক্ষেত্রে ০২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)

গ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

ঘ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঙ) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং প্রযোজ্যক্ষেত্রে আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

চ) লিখিত পরীক্ষার পর কেবলমাত্র উত্তীর্ণ প্রার্থীদের সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের কপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ-এর কপি, মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃতদের সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা সনদের কপি, মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক সম্বলিত প্রত্যয়ন ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্র Online-এ আবেদনের প্রিন্ট কপি Applicant's Copy সত্যায়িত করে বাংলাদেশ তাঁত বোর্ড, বিটিএমসি ভবন (৫ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানায় প্রেরণ করতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। এ সংক্রান্ত নির্দেশনা বোর্ডের নিজস্ব ওয়েবসাইট **www.bhb.gov.bd** এ বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

ছ) চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করতে হবে।

৩। **অনলাইন (Online) -এ আবেদনপত্র পূরণের নিয়মাবলীঃ**

পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://bhb.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৮ জুলাই ২০২২ সকাল ১০:০০টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২১ আগস্ট ২০২২ বিকাল ৫.০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit -এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস (SMS) এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

৪ **পরীক্ষার ফি:**

উল্লিখিত পদের জন্য প্রতি প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ১,০০০/-(এক হাজার) টাকা টেলিটকের এর মাধ্যমে জমা প্রদান করতে হবে।

৫। **পরীক্ষার ফি প্রদান পদ্ধতি:**

অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/ পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিনছবি, নির্ভুলতথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে নির্ধারিত ফি জমা দিবেন।

এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র এ কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: BHB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BHB ABCDEF send to 16222

Reply: Applicant's Name, Tk- 1000 will be charged as application fee. Your PIN is (8 digit numbers). To pay fee, type BHB<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BHB<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BHB Yes 12345678

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for BHB Application for post xxxxxxxxx User ID is (xxxxxx) and Password (XXXXxxxx).

৬। **User ID এবং Password পুনরুদ্ধার পদ্ধতি:**

শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: BHB<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: BHB Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: BHB<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: BHB Help PIN 12345678 & send to 16222.

৭। **অনলাইনে আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদানের সময়সীমা (তারিখ ও সময়):**

| | | |
|---|---|---|
| ক) | অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ<br>[উল্লেখ্য যে, প্রার্থীদেরকে আবেদনপত্র দাখিলের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে পরীক্ষার ফি জমাদান সম্পন্ন করেতে হবে। ] | ২৮ জুলাই ২০২২ খ্রিঃ সকাল ১০:০০টা। |
| খ) | অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ<br>[উক্ত সময়সীমার মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণই পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে অর্থাৎ ২৪ আগস্ট ২০২২ খ্রিঃ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে জমা দিতে পারবেন।] | ২১ আগস্ট ২০২২ খ্রিঃ বিকাল ৫.০০টা। |

৮। **প্রবেশপত্র প্রিন্ট ও সংরক্ষণ:**

উল্লিখিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে অনলাইন আবেদনে প্রার্থীর মোবাইল ফোন নম্বরে টেলিটক হতে SMS এর মাধ্যমে শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থীর প্রবেশপত্রটি সকল পরীক্ষায় (লিখিত/ ব্যবহারিক /মৌখিক) অংশগ্রহণের সময়ে প্রদর্শন করবেন।

৯। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদনপত্র বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না ।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

১১। লিখিত পরীক্ষা/ ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে)/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১২। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ তাঁত বোর্ডের ওয়েবসাইটে (www.bhb.gov.bd) এবং https://bhb.teletalk.com.bd অথবা QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১৩। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪। Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১, **alljobs.query@teletalk.com.bd** অথবা **director.admin@bhb.gov.bd** এই ই-মেইলে যোগোযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেইজ **https://www.facebook.com/alljobsbdTeletalk** এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে।

(Mail অথবা মেসেজ এর Subject-এ Organization Name '**BHB**', Post Name *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৫। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৬। উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে বাংলাদেশ তাঁত বোর্ড চাকুরি প্রবিধানমালা প্রয়োজনবোধে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৭। যথাযথ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

২৭.০৭.2022


(সুকুমার চন্দ্র সাহা)
পরিচালক (প্রশাসন) [অঃদাঃ]
ও
সদস্য সচিব
১ নং নিয়োগ/পদোন্নতি বাছাই কমিটি, বাতাঁবো
ফোনঃ ৫৮১৫২৮৯৮
E-mail: director.admin@bhb.gov.bd